

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০২৬.১৬.০০.০০১.২০১৭-১১২

তারিখ: ২৯-০৪-২০১৯ খ্রি:

বিষয়: আই হেলথ প্রমোশন এন্ড প্রিভিনশন অব ব্লাইন্ড ইন সিলেক্টেড এরিয়াস অব বাংলাদেশ শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১৮-১৯ অর্থ বছরে ০১ (এক)টি কার ক্রয়ে সম্মতি প্রদান


সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৫৪.২০১৭-২৫৯, তাং-২৭ এপ্রিল, ২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে আই হেলথ প্রমোশন এন্ড প্রিভিনশন অব ব্লাইন্ড ইন সিলেক্টেড এরিয়াস অব বাংলাদেশ শীর্ষক প্রকল্পের জন্য ২০১৮-২০১৯ অর্থ বছরে ০১ (এক)টি কার গাড়ি অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের যানবাহন ক্রয়ের দর সংক্রান্ত পত্র ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-১)-৫২৫ তারিখ ১১-১০-২০১৮ অনুসারে (প্রতিটি কার ৩১.০০ লক্ষ টাকা, রেজিস্ট্রেশন, সিএনজি কনভারশন এবং সরকারের সকল ট্যাক্স ও ভ্যাটসহ) ক্রয়ে অর্থ বিভাগের প্রদত্ত শর্তে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) ইতিপূর্বে গাড়িটি ক্রয় করা হয়নি তা এ বিভাগকে নিশ্চিত করতে হবে;
- (গ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঘ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
- (ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সম (পরি)-স্বায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর যানবাহন সরকারি পরিবহন পূলে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইভুক্তকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক

আই হেলথ প্রমোশন এন্ড প্রিভিনশন অব ব্লাইন্ড ইন
সিলেক্টেড এরিয়াস অব বাংলাদেশ শীর্ষক প্রকল্প
জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন
শেরে বাংলা নগর, ঢাকা

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)